

**West Bengal State University**  
**B.A./B.Sc./B.Com ( Honours, Major, General ) Examinations, 2014**

**PART – II**

**বাংলা — সাধারণ**

**দ্বিতীয় পত্র**

Duration : 3 Hours ]

[ Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশমানে নির্দেশক।

- ১। পূর্বরাগের সংজ্ঞা ও স্বরূপ বৈশিষ্ট্য উল্লেখ করে পাঠ্য পদ অবলম্বনে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব বিচার করো। ৫ + ১০

অথবা

'মাথুর' শব্দের অর্থ ও তাৎপর্য ব্যাখ্যা করো। তোমার পাঠ্য 'এসখি হামারি দুখের নাহি ওর' পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ৫ + ১০

- ২। 'মেঘনাদ বধ' কাব্যের প্রথম সর্গ অবলম্বনে 'বারুণী-মুরলা-রমা' প্রসঙ্গটি আলোচনা করে কাব্যমধ্যে অংশটির সংযোজনের সার্থকতা বিচার করো। ১০ + ৫

অথবা

'মেঘনাদ বধ' কাব্যের প্রথম সর্গ অবলম্বনে চিত্রাঙ্গদা চরিত্রের সম্যক পরিচয় দাও। ১৫

- ৩। "হায় রে সামান্য মেয়ে !

হায় রে বিধাতার শক্তির অপবায় !"

— উদ্ধৃতাংশটি কোথা থেকে গৃহীত ? এই উদ্ধৃতিটির আলোকে বক্তার করুণ পরিণতি ও মনোভাব ব্যক্ত করো। ১ + ১৪

অথবা

"তবু মরতে চায় না, শক্ত হয়ে ওঠে

ডাঁটা হয় মোটা

পাতা হয় চিকন সবুজ।"

— উদ্ধৃতাংশটি কোন কবিতার অংশ ? কবি কার কথা, কেন এমনভাবে বলেছেন, কবিতাটির আলোকে বক্তব্যটি পরিস্ফুট করো। ১ + ১৪

- ৪। 'নষ্টনীড়' কবিতাটির বক্তব্য ও মর্মার্থ সংক্ষেপে লেখো। কবিতাটি থেকে অন্ততঃ দুটি চিত্রকল্প বেছে নিয়ে তাদের অর্থ বুঝিয়ে দাও। ১০ + ৫

অথবা

“কেউ কথা রাখে নি, তেত্রিশ বছর কাটলো,

কেউ কথা রাখে না।”

— কবি কোন অভিজ্ঞতা থেকে বলেছেন — ‘কেউ কথা রাখে না’ — কবিতাটির সামগ্রিক রসাবেদনে তা পরিস্ফুট করো। ১৫

- ৫। নীচে উদ্ধৃত অংশগুলির রচয়িতার নাম ও প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো : ৪ × ৫ = ২০

ক) “সখি কি পুছসি অনুভব মোয়  
সোই পিরিতি অনু রাগ বাথানিতে  
তিলে তিলে নূতন হোয়।”

অথবা

“রূপ লাগি আঁখি বুঝে গুনে মন ভোর।  
প্রতি অঙ্গ লাগি কাঁন্দে প্রতি অঙ্গ মোর।।”

খ) “কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে  
প্রচেতঃ ! হা ধিক, ওহে জলদলপতি ...”

অথবা

“তুরায় আমি আসিব ফিরিয়া  
কল্যাণী, সমরে নাশি, তোমার কল্যাণে,  
রাঘবে।”

গ) “তখন মাধবের মাথা নত বেদীমূলে  
রাজার তলোয়ারে মুহূর্তে ছিন্ন হল সেই মাথা।”

অথবা

“এ গান যেখানে সত্য অনন্ত গোধূলি লগ্নে  
সেইখানে বহি চলে ধলেশ্বরী।”

ঘ) “আমার ভারতবর্ষ চেনে না তাদের  
মানে না তাদের পরোয়ানা।”

অথবা

“কিন্তু আমরা দেশ দেখিনা অঙ্ককারে  
নৈশ বিদ্যালয়ের থেকে চুপি চুপি  
পালিয়ে আসি জলের ধারে।”

৬। উদাহরণসহ মিশ্রবৃত্ত (অক্ষরবৃত্ত) ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করো।

১২

অথবা

উদাহরণসহ যে কোনো তিনটি বিষয়ে আলোচনা করো :  
পর্ব, মাত্রা, পঙ্ক্তি, চরণ, ছত্র।

৩ × ৪ = ১২

৭। যে কোনো দুটি বিষয়ে ছন্দোলিপি রচনা করো :

২ × ৪ = ৮

ক) ঘরের বাহিরে দণ্ডে শতবার  
তিলে তিলে আইসে যায়।  
মন উচাটন নিশ্বাস সঘন  
কদম্ব কাননে চায়।।

খ) তৈল-ঢালা স্নিগ্ধ তনু  
নিদ্রারসে ভরা,  
মাথায় ছোটো বহরে বড়ো  
বাঙালি সন্তান।

গ) এসো ভাই তোলো হাই, শুয়ে পড়ো চিত  
অনিশ্চিত এ সংসারে একথা নিশ্চিত।

- ঘ) আজ হল রবিবার খুব মোট বহরের  
কাগজের এডিশন, যত আছে শহরের  
কানাকানি যত আছে আজগুবি সংবাদ  
যায় নিকো কোনোটার একটুও রঙ বাদ।
- ঙ) জাগাও শহরের প্রান্তে প্রান্তরে  
ধূসর শূণ্যের আজান গান।  
পাথর করে দাও আমাকে নিশ্চল  
আমার সন্ততি স্বপ্নে থাক।
-